Cmd. ৬৫৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
নৌশিক্ষা ও প্রশিক্ষণ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

স্মারক নম্বর- ১৮.০০.০০০০.০১৭.২৫.০৩৯.১৯-৭৬৯

তারিখ: ২৮ কার্তিক ১৪৩২
১৩ নভেম্বর ২০২৫

বিষয়: বিদেশ ভ্রমণ সংক্রান্ত নির্দেশনা

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদেশ ভ্রমণের প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রতিপালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) বিদেশ ভ্রমণের সাথে সংশ্লিষ্ট সকল পরিপত্র/প্রজ্ঞাপন অনুসরণ করতে হবে।
(খ) একজন কর্মকর্তার বিদেশ ভ্রমণের প্রস্তাবের সাথে অন্য আরেকজন বিকল্প কর্মকর্তার নাম প্রস্তাব করতে হবে।
(গ) যেসকল কর্মকর্তার অনুকূলে বিদেশ ভ্রমণের প্রস্তাবে প্রেরণ করা হবে তার সংশ্লিষ্টতাসহ যৌক্তিক ব্যাখ্যা প্রেরণ করতে হবে।
(ঘ) ব্যক্তিগত আমন্ত্রণপত্রের মাধ্যমে বিদেশ ভ্রমণের প্রস্তাব প্রেরণ নিরুৎসাহিত করতে হবে।

সংযুক্তি: বর্ণনামতে।


মো: আতাহার মিয়া
উপসচিব
ফোন-০২-৯৫৪০২১৯
e-mail: ds.met@mos.gov.bd


**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ/মোংলা বন্দর কর্তৃপক্ষ/পায়রা বন্দর কর্তৃপক্ষ/বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ/জাতীয় নদী রক্ষা কমিশন/বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ/বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন
২. মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৩. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম
৪. পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম
৫. কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম/সিলেট/পাবনা/রংপুর/বরিশাল
৬. অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম/মাদারীপুর

**অনুলিপি:**

১. সচিবের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা
২. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা

- ☐ ডেপুটি কমান্ড্যান্ট
- ☐ নৌশিক্ষা প্রধান
- ☐ প্রধান প্রকৌশলী
- ☐ প্রধান শিক্ষা কর্মকর্তা
- ☐ উন্নয়ন কর্মকর্তা
- ☐ এ্যাডজুট্যান্ট
- ☐ হিসাবরক্ষণ কর্মকর্তা
- ☐ প্রশাসনিক কর্মকর্তা
- ☐ ভান্ডার কর্মকর্তা
- ☐ গ্রন্থাগারিক

১৯/১১/২০২৫

জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধান উপদেষ্টার কার্যালয়**
পুরাতন সংসদ ভবন, ঢাকা।

Pls. circulate

নম্বর: ০৩.০০.০০০০.০৯২.৯৯.০০১.২৪-১২

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪৩১ / ০৯ ডিসেম্বর ২০২৪

**পরিপত্র**

**বিষয়:** বিদেশ ভ্রমণ সংক্রান্ত নির্দেশনা।

বিদেশ ভ্রমণ সংক্রান্ত ইতোপূর্বের আদেশ ও নির্দেশনা সম্বলিত পরিপত্রের অনুবৃত্তিক্রমে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণের জন্য এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো যাচ্ছেঃ

১. সাধারণভাবে বিদেশ ভ্রমণ নিরুৎসাহিত করা হবে।
২. বছরের সম্ভাব্য বিদেশ ভ্রমণের একটা তালিকা জানিয়ে রাখতে হবে।
৩. বিদেশ ভ্রমণের জন্য মন্ত্রণালয়ভিত্তিক Data base তৈরি করতে হবে। প্রধান উপদেষ্টার অফিস কর্তৃক এর কাঠামো তৈরি করে দেবে এবং এর তথ্য সংরক্ষণ করবে।
৪. সকল স্তরের সরকারি কর্মকর্তাগণ একাধারে বিদেশ ভ্রমণ পরিহার করবেন।
৫. মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় উপদেষ্টা ও সচিব একসঙ্গে বিদেশ ভ্রমণ সাধারণভাবে পরিহার করবেন। তবে জাতীয় স্বার্থে অনুরূপ ভ্রমণ একান্ত অপরিহার্য হলে তেমন অপরিহার্যতার বিষয় সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।
৬. মন্ত্রণালয়ের সচিব ও অধীনস্থ অধিদপ্তর বা সংস্থা প্রধানগণ একান্ত অপরিহার্য জাতীয় স্বার্থ ব্যতিরেকে একসঙ্গে বিদেশ ভ্রমণে যাবেন না।
৭. বিদেশে অনুষ্ঠিতব্য সেমিনার/ওয়ার্কশপ ইত্যাদিতে অংশগ্রহণের জন্য মাননীয় উপদেষ্টা ও সচিব পর্যায়ের কর্মকর্তাদের অংশগ্রহণের প্রস্তাবের ক্ষেত্রে আমন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক কোন পর্যায়ের কর্মকর্তাকে আমন্ত্রণ জানানো হয়েছে এবং অপরাপর অংশগ্রহণকারী দেশ থেকে কোন পর্যায়ের কর্মকর্তাগণ তাতে অংশ নিচ্ছেন তেমন তথ্য সন্নিবেশ করবেন।
৮. বিদেশ ভ্রমণের প্রস্তাব পেশকালে উক্ত ভ্রমণের প্রয়োজনীয়তা এবং প্রস্তাবিত কর্মকর্তার ঐ কার্যক্রমে সংশ্লিষ্টতা ও উপযোগিতার বিষয় উল্লেখ থাকতে হবে।
৯. কেনা-কাটা, প্রি-শিপমেন্ট ইন্সপেকশন কিংবা ফ্যাক্টরি অ্যাকসেপ্ট্যান্স টেস্ট ইত্যাদির ক্ষেত্রে কেবলমাত্র সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রেরণের বিষয় বিবেচনা করতে হবে।
১০. সরকারি অর্থে কম প্রয়োজনীয় ভ্রমণ অবশ্যই পরিহার করতে হবে।
১১. সকল স্তরের সরকারি কর্মকর্তাগণ বিদেশে বিনোদন ভ্রমণ পরিহার করবেন।
১২. সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ দীর্ঘমেয়াদি শিক্ষা ছুটিতে যাওয়া পরিহার করবেন।
১৩. বিদেশ ভ্রমণের প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে প্রস্তাবিত কর্মকর্তার পূর্ববর্তী এক বছরের বিদেশ ভ্রমণ বৃত্তান্ত সংযুক্ত করতে হবে।

(এম সিরাজ উদ্দিন মিয়া)
মুখ্য সচিব
ফোন: ৫৫০২৯৪০৮

উপসচিব (নৌ ও বাজেট) এর দপ্তর
ডায়েরী নং: ৭৯৬
তারিখ: ১১/১২/২৪
☐ উপসচিব/সিসল (প্রশাসন)
☐ উপসচিব/সিসস (নৌ/প্রশি)
☐ উপসচিব/সিসস (সমন্বয়)
☐ উপসচিব/সিসস (বাজেট)
☐ সি. এনালিষ্ট/প্রোগ্রামার
☐ ব্যক্তিগত কর্মকর্তা

নৌপরিবহন মন্ত্রণালয়
গ্রহণ ও বিতরণ শাখা।
10 DEC 2024

অতিরিক্ত সচিব (প্রশা:)

**অতীব জরুরী**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধান উপদেষ্টার কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

নং স্মারক ০৩.০০.২৬৯০.০৭৪.০০.০০১.২৪-১৪৯; তারিখ ০৫ কার্তিক, ১৪৩১ বঃ
২১ অক্টোবর, ২০২৫ খ্রি:

## পরিপত্র

**বিষয়: বিদেশ ভ্রমণ সংক্রান্ত নির্দেশনা প্রতিপালন।**

সূত্র: (ক) ০৩.০৩.০০০.০৯৯.৯৯.০০১-১২; তারিখ: ০৯ ডিসেম্বর, ২০২৪
(খ) ০৩.০০.২৬৯০.০৭৪.০০.০০১.২৪-৫৮; তারিখঃ২৩ মার্চ, ২০২৫

বিদেশ ভ্রমণ সংক্রান্ত প্রধান উপদেষ্টার কার্যালয়ের সূত্রোক্ত পরিপত্র এবং অর্থ বিভাগের ০৮ জুলাই, ২০২৫ তারিখের ৩৭ নং স্মারকে বিদেশ ভ্রমণ সীমিতকরণসহ বিভিন্ন নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। লক্ষ্য করা যাচ্ছে যে, জারিকৃত পরিপত্রসমূহের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ না করে বিদেশ ভ্রমণের ঘটনা ঘটছে। মন্ত্রণালয়সমূহের দায়িত্বপ্রাপ্ত মাননীয় উপদেষ্টা ও সচিব একই সময়ে বৈদেশিক সফরে যাচ্ছেন। একই মন্ত্রণালয়ের অনেক কর্মকর্তা একসাথে বিদেশে যাচ্ছেন। এ ধরনের প্রস্তাব প্রায়ই এ কার্যালয়ে প্রেরণ করা হচ্ছে যা সূত্রোক্ত নির্দেশনাসমূহের পরিপন্থী।

০৩। এমতাবস্থায়, ইত:পূর্বে জারিকৃত সকল বিদেশ ভ্রমণ সংক্রান্ত নির্দেশনাসমূহ প্রতিপালন এবং এখন থেকে আগামী জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হওয়া পর্যন্ত একান্ত অপরিহার্য কারণ ব্যতিরেকে বিদেশ ভ্রমণ পরিহার করার জন্য অনুরোধ করা হলো।

২১.১০.২৫

(মোঃ সাইফুল্লাহ পান্না)
সচিব
ফোনঃ০২-৫৫০২৯৪৩৬

**বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব/সচিব (সকল)/প্রিন্সিপাল স্টাফ অফিসার, ........................................ মন্ত্রণালয়/বিভাগ
০৩। মহাপরিচালক (সকল), প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৪। উপদেষ্টার একান্ত সচিব (সকল)........................................ মন্ত্রণালয়/বিভাগ
০৫। পরিচালক (সকল), প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৬। মুখ্য সচিব/সচিবের একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৭। নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধান উপদেষ্টার কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা: ০৩.০০.০০০০.০৭৪.০০.০০১.২৪-৫৮; তারিখ: ০৯ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ / ২৩ মার্চ ২০২৫ খ্রি.

## পরিপত্র

**বিষয়: বিদেশ ভ্রমণ সংক্রান্ত নির্দেশনা।**

সূত্র: প্রধান উপদেষ্টার কার্যালয় এর ০৯ ডিসেম্বর, ২০২৪ তারিখের ০৩.০০.০০০০.০৯২.৯৯.০০১.২৪-১২ নম্বর পরিপত্র।

বিদেশ ভ্রমণ সংক্রান্ত অত্র কার্যালয়ের সূত্রোক্ত পরিপত্রের অনুবৃত্তিক্রমে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণের জন্য এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে:

১. ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানের অর্থায়নে অবশ্যই বিদেশ ভ্রমণ পরিহার করতে হবে।

২. জরুরী কারণ ব্যতীত মাননীয় উপদেষ্টা বা সিনিয়র সচিব/সচিব মহোদয়গণের একান্ত সচিব/সহকারী একান্ত সচিবদের সহযাত্রী হিসাবে বিদেশ ভ্রমণ পরিহার করতে হবে।

৩. সরকারিভাবে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে কর্মকর্তাগণ কর্তৃক তাদের স্ত্রী/স্বামী-সন্তানদের সফরসঙ্গী হিসেবে অন্তর্ভুক্ত করা যাবেনা।

স্বাক্ষরিত/-  
(এম সিরাজ উদ্দিন মিয়া)  
মুখ্য সচিব  
ফোন: ৫৫০২৯৪০৮

**বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২. সিনিয়র সচিব/সচিব (সকল) মন্ত্রিপরিষদ বিভাগ ......... মন্ত্রণালয়/বিভাগ

০৩. মহাপরিচালক (সকল), প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

০৪. উপদেষ্টার একান্ত সচিব (সকল)......... মন্ত্রণালয়/বিভাগ

০৫. পরিচালক (সকল), প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

০৬. মুখ্য সচিব/সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

০৭. নথি।

১

সাধারণ অধিশাখা
ডায়েরি নং ৭২৮
তারিখ ৭.৪.২৫
☐ ............তারিখের মধ্যে উপস্থাপন করুন
☐ আলোচনা করুন
☐ সংশ্লিষ্ট নথিতে রাখুন
☐ গার্ড ফাইলে রাখুন
☐ কার্যক্রম নাই
প্রশাসনিক কর্মকর্তা উপসচিব

Taifa
২৩/০৩/২০২৫
(মীর তায়েফা সিদ্দিকা)
পরিচালক-৭
ফোনঃ ৫৫০২৯৪২৭

বাংলাদেশ ... ডাক
...
...
... ১১১৭
... ৮/০৪/২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা
www.cabinet.gov.bd

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০১.২৩

তারিখ: ২৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
০৯ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

০৯-০৪-২০২৫
তানিয়া আফরোজ
উপসচিব
৫৫১০০৯৭১ (ফোন)
৯৫১২২১৩ (ফ্যাক্স)
general_sec@cabinet.gov.bd

সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।